# ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০ : ১০৩

## আরবি মূল আয়াত:

ثُمَّ نُنَجِّى رُسُلَنَا وَ الَّذِينَ اٰمَنُوا كَذٰلِكَ حَقًّا عَلَينَا نُنجِ المُؤمِنِينَ ﴿١٠٣﴾

## অনুবাদসমূহ:

তারপর আমি নাজাত দেই আমার রাসূলদেরকে এবং তাদেরকেও যারা ঈমান এনেছে। এটা আমার দায়িত্ব যে, মুমিনদের নাজাত দেই। — আল-বায়ান

অবশেষে আমি আমার রসূলদেরকে আর মু’মিনদেরকে রক্ষা করি, এভাবে মু’মিনদেরকে রক্ষা করা আমার কর্তব্য। — তাইসিরুল

শেষ পর্যন্ত আমি স্বীয় রাসূলদেরকে এবং মু'মিনদেরকে নাজাত দিলাম, এ রূপেই আমি মু'মিনদেরকে নাজাত দিয়ে থাকি। — মুজিবুর রহমান

Then We will save our messengers and those who have believed. Thus, it is an obligation upon Us that We save the believers — Sahih International

১০৩. তারপর আমরা আমাদের রাসূলদেরকে এবং যারা ঈমান এনেছে তাদেরকে উদ্ধার করি। এভাবে মুমিনদেরকে উদ্ধার করা আমাদের দায়িত্ব।(১)

(১) এ দায়িত্ব আল্লাহ স্বয়ং তার নিজের উপর নিয়ে নিয়েছেন। কেউ তাঁকে বাধ্য করার নেই। তিনি নিজ করুণাবশতঃ মুমিনদেরকে উদ্ধার করে থাকেন। অন্য আয়াতে আল্লাহ্ তা'আলা বলেনঃ “তোমাদের প্রভূ তার নিজের উপর রহমতকে লিখে নিয়েছেন।” [সূরা আল-আনআমঃ ৫৪] অপর এক হাদীসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “আল্লাহ তাঁর কাছে আরশের উপর একটি কিতাবে লিখে রেখেছেন যে, আমার রহমত আমার ক্রোধের উপর প্রাধান্য পাবে’। [বুখারীঃ ৩১৯৪, মুসলিমঃ ২৭৫১]

তাফসীরে জাকারিয়া

(১০৩) অতঃপর আমি স্বীয় রসূলদেরকে উদ্ধার করি এবং যারা বিশ্বাস করেছে তাদেরকেও, অনুরূপ বিশ্বাসীদেরকেও উদ্ধার করা আমার দায়িত্ব।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1467

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন